

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা
www.fisheries.gov.bd



স্মারক নং-৩৩.০২.০০০০.৯৫৬.১১.০০১.২১-৩৫২


তারিখ: ২৩/০৯/২০২১ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতায় মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প' এর অধীনে নিম্নলিখিত শূন্য পদে প্রকল্প মেয়াদকালীন (জুলাই/২০২০ হতে জুন/২০২৪ সাল পর্যন্ত) সময়ে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সরকার নির্ধারিত সাকুল্যে বেতনে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বেতন গ্রেড ও স্কেল	বয়স	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১	২	৩	৪	৫	৬
১.	ক্ষেত্র সহকারী	গ্রেড-১৬ ৯,৩০০-২২,৪৯০/- স্কেল অনুযায়ী সাকুল্যে বেতন	১৮-৩০ বৎসর	১৩৪	কমপক্ষে এইচ.এস.সি. পাস (বিজ্ঞান বিভাগ), যে কোনো স্বীকৃতি প্রাপ্ত মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউট হতে ৪ বছরের মৎস্য ডিপ্লোমা কোর্সে উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

- (ক) বাংলাদেশের সকল জেলার প্রার্থীরা উল্লিখিত পদের জন্য আবেদন করতে পারবেন।
- (খ) আবেদন ফরম এবং প্রবেশপত্রের নমুনা মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে (www.fisheries.gov.bd) পাওয়া যাবে। আবেদন ফরমের সাথে আবেদনকারী কর্তৃক পূরণকৃত ০২ কপি প্রবেশপত্র সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ৫×৫ সে.মি. সাইজের ০১ (এক) কপি এবং ২টি প্রবেশপত্রে ০১ (এক) কপি করে ০২ (দুই) কপি সত্যায়িত রঙিন ছবি সংযুক্ত করতে হবে। খামের উপরে স্পষ্টাক্ষরে পদের নাম, নিজ জেলা উল্লেখ করতে হবে এবং মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে খামের উপর “মুক্তিযোদ্ধা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী” লিখতে হবে। আবেদনপত্রের সাথে ক্ষেত্র সহকারী পদের জন্য স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) পরীক্ষায় পাসের সত্যায়িত মার্কশিট অথবা স্বীকৃতি প্রাপ্ত মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউট হতে মৎস্য বিষয়ে ৪ বছর মেয়াদী ডিপ্লোমার সত্যায়িত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।
- (গ) ২৫/০৩/২০২০ খ্রিষ্টাব্দ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ০৪ নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। মুক্তিযোদ্ধা কোটাপ্রার্থী এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- (ঘ) সরকারি/আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- (ঙ) মুক্তিযোদ্ধা কোটাসহ অন্যান্য সকল কোটা সরকারি বিধি মোতাবেক অনুসরণ করা হবে।
- (চ) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
- (ছ) আবেদন ফরম এবং প্রবেশপত্রের নির্ধারিত অংশ প্রার্থী কর্তৃক যথাযথভাবে পূরণ করে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে নির্ধারিত তারিখ ও নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাতে হবে।
- (জ) অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- (ঝ) উপর্যুক্ত ছকের ০৫ নং কলামে উল্লেখিত পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। প্রকল্প মেয়াদকালীন সময়ে (জুন ২০২৪ পর্যন্ত) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে উল্লেখিত ক্ষেত্র সহকারী পদে নিয়োগ প্রদান করা হবে।
- (ঞ) আবেদনকারীকে প্রকল্প পরিচালক, ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা-১০০০ বরাবর আবেদন করতে হবে।
- (ট) আবেদনপত্র আগামী ২৫/১০/২০২১ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (বেলা ৫.০০ ঘটিকার মধ্যে) ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প, মৎস্য অধিদপ্তর, কক্ষ নং- ৫১১, মৎস্য ভবন, ১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, রমনা, ঢাকা-১০০০ ঠিকানায়ে পৌছাতে হবে।
- (ঠ) কর্তৃপক্ষ যে কোন অথবা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


মোঃ জিয়া হায়দার চৌধুরী
প্রকল্প পরিচালক
ফোনঃ ০১৭৬৯-৪৫৯১০৪

ইমেইলঃ pdilishproject@gmail.com